

কুয়েটে কর্মচারীদের মানববন্ধন

খুলনা প্রতিনিধি

১০ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের সময়



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) বিভিন্ন দাবি-দাওয়া আদায়ের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে কুয়েট কর্মচারী সমিতি। গতকাল বুধবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের দুর্বার বাংলার পাদদেশে অনুষ্ঠিত এ মানববন্ধনে সভাপতিত্ব করেন কর্মচারী সমিতির সভাপতি এরশাদ আলী। মানববন্ধনে বক্তব্য কুয়েটের সমস্যা থেকে পরিত্রাণে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও ইউজিসিকে দ্রুত এগিয়ে আসার আহ্বান জানান। তারা হৃশিয়ারি উচ্চারণ করে বলেন, আগামী এক সপ্তাহের মধ্যে তাদের দাবি পূরণ না হলে রাজপথে আন্দোলনসহ কর্মবিরতি পালনের কর্মসূচি ঘোষণা করা হবে। সমিতির সাধারণ সম্পাদক মো. হাসিব সরদারের স্থগিতনায় মানববন্ধনে বক্তৃতা করেন কর্মচারী সমিতির সাবেক সাধারণ সম্পাদক জালাল মুল্লি, সাবেক সভাপতি মো. ইমদাদ মোড়ল প্রমুখ।